



বাংলাদেশ তঁত বোর্ড

বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd



স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.২২-১৬৩

তারিখঃ ০১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

১৬তম গ্রেডভুক্ত 'ড্রাইভার' এর ০৩টি পদের চূড়ান্ত ফলাফল প্রদান সংক্রান্ত নোটিশ

বিষয়: বাংলাদেশ তঁত বোর্ডের 'ড্রাইভার' পদে নিয়োগের নিমিত্ত চূড়ান্ত ফলাফল প্রকাশ।


বাংলাদেশ তঁত বোর্ডের রাজস্বখাতভুক্ত 'ড্রাইভার' এর ০৩ (তিন)টি স্থায়ী শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২৩.১১.২০২২ খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.২২-৯৭৯ নং স্মারকমূলের নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে গত ০৩.০২.২০২৩ খ্রিঃ তারিখে গৃহীত লিখিত পরীক্ষা, ১৩.০৩.২০২৩ খ্রিঃ তারিখে গৃহীত ব্যবহারিক পরীক্ষা ও ১৫.০৩.২০২৩ খ্রিঃ তারিখে গৃহীত মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি অনুসরণপূর্বক বাংলাদেশ তঁত বোর্ডের ২নং নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ আগামী ২৩.০৩.২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, বাংলাদেশ তঁত বোর্ড বরাবর বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় যোগদান করবেন। নির্ধারিত তারিখে চূড়ান্তভাবে নির্বাচিত কোন প্রার্থী যোগদানে ব্যর্থ হলে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর ঠিকানায় যথাসময়ে নিয়োগপত্র ইস্যু করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর নাম ও রোল নম্বর নিম্নরূপঃ

ক্রমিক নং	রোল নম্বর	প্রার্থীর নাম	মেধা তালিকায় অবস্থান
০১.	২০২৩২৪	জোবায়ের হোসেন জুয়েল	১ম
০২.	২০২৩০৮	শওকত আলী	২য়
০৩.	২০২৩৩১	মাহমুদ আলী	৩য়

তাছাড়া, চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে নির্ধারিত তারিখের মধ্যে কোন প্রার্থী যোগদান করতে ব্যর্থ হলে নিম্নবর্ণিত অপেক্ষমান তালিকা হতে শূন্যপদে নিয়োগের জন্য কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। বর্ণিত অপেক্ষমান তালিকা আগামী ০৩ মাস সময়ের জন্য কার্যকর থাকবে:

ক্রমিক নং	রোল নম্বর	প্রার্থীর নাম
০১.	২০২৩১৫	মোঃ এনামুল হক
০২.	২০২৩২৭	ইউনুস
০৩.	২০২৩০১	মোঃ হাসান

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১৫.০৩.২০২৩

(সুকুমার চন্দ্র সাহা)

পরিচালক (প্রশাসন) [অঃদাঃ]

ও

সদস্য সচিব

২নং নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটি, বাতীবো

ফোনঃ ৫৮১৫২৮৯৮

E-mail: director.admin@bhb.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২। সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩। আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতীবো, ঢাকা [ফলাফলের নোটিশটি বাতীবোর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ৪। সমন্বয় কর্মকর্তা, বাতীবো, ঢাকা [চেয়ারম্যান, বাতীবো মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫। সহকারী পরিচালক (সাধারণ সেবা), বাতীবো, ঢাকা [ফলাফলের নোটিশটি বাতীবোর নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ৬। অফিস কপি।